## কুয়াশা

কিছুকি লেখার ছিল ? অদূরে কি ছিল কোনো ঋণ?
দৃষ্টিপথে কাঁটাতার , আমারও যে অন্ধপ্রতিদিন।
কার হাত ধরতে চেয়ে হাত থেকে ভেঙ্গে পড়ছে ভাষা,
খাদে পড়ে যাচ্ছে শব্দ ,উঠে আসছে কেবলই কুয়াশা ।
কুয়াশা কুয়াশা, তুমি হাত ধরে নিয়ে চলো সখী
সেই মুখ দেখতে দাও , সেই চোখ , সেই চোখাচোখি --
দৃষ্টিতে আকাঙ্খা গিঁথে তুলে আনব নিহিত তড়িৎ
কুয়াশার দেহ থেকে ধোঁয়া হয়ে উড়ে যাবে শীত .....

তোমারও কি মুক্তি নেই তাতে, বন্ধু ! তুমিও তখনই
লিখবে না লিখবে না সত্যি ? সেই কথা আগে যা লেখো নি?

মন্দাক্রান্তা সেন

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com